

ছুটি শেষে খুলেছে নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলো

অনলাইন ডেক্স



শারদীয় দুর্গাপূজা উপলক্ষে টানা ১২ দিনের ছুটি শেষে আজ

বুধবার (৮ অক্টোবর) খুলেছে সরকারি ও বেসরকারি নিম্নমাধ্যমিক

ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। তবে প্রাথমিক বিদ্যালয়গুলো

আগেই চালু হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক ছুটির তালিকা অনুযায়ী, গত ২৮

সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবর পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ ছিল।

এ ছুটির মধ্যে ছিল শারদীয় দুর্গাপূজা, ফাতেহা-ই-ইয়াজদাহম,

প্রবারণা পূর্ণিমা এবং লক্ষ্মীপূজার ছুটি।

এর পাশাপাশি দুই দিন সাংগৃহিক ছুটিও অন্তর্ভুক্ত ছিল।

গত ৬ অক্টোবর লক্ষ্মীপূজা উপলক্ষে শিক্ষকরা ঐচ্ছিক ছুটি পান,

যা ছুটিকে আরো দীর্ঘ করে তোলে।

ছুটির সময় শিক্ষার্থীদের পরীক্ষার চাপ থেকে মুক্ত রাখতে শিক্ষা

মন্ত্রণালয় এক নির্দেশনায় জানিয়েছিল, ২৮ সেপ্টেম্বর থেকে ৯

অক্টোবর পর্যন্ত কোনো পরীক্ষার সময়সূচি না রাখতে।

গত ২৪ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা

বিভাগ থেকে জারি করা অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।